



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

ইউএনডিপি'র প্রতিনিধিদলের সাথে মতবিনিময়ে মেয়র

দারিদ্র বিমোচনে চসিক সকলকে স্বাগত জানায়

চট্টগ্রাম-০১ এপ্রিল'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, হত দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন করা গেলে দেশের উন্নয়নে সঠিক চিত্র দৃশ্যমান হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু শতবর্ষ পালনে অঙ্গীকার করেছেন যারা গৃহহীন তাদের জন্য গৃহের ব্যবস্থা করবেন। আমাদের দেশে নদীভাঙ্গন ও প্রাকৃতিক দুর্যোগে অনেকেই সহায় সম্বল হারিয়ে পথে থাকার অবস্থার সম্মুখীন হতে হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প টি (এলআইইউপিসিপি) চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অনেক প্রকল্প বাস্তবায়নধীন রয়েছে। এই প্রকল্প গুলোর আওতায় বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির কার্যক্রম সহ জলবায়ু নিয়ন্ত্রণে নানা ধরনের উদ্ভাবনী অবকাঠামো নির্মাণ করা হচ্ছে। তিনি এলআইইউপিসিপি'র সকল কাজে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহায়তা থাকবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। আজ দুপুরে ৯নং ওয়ার্ডে বিজয় নগর (২নং ঝিলপাড়) সিডিসির সদস্যদের সাথে মতবিনিময় ও জলবায়ু সহিষ্ণু অবকাঠামো তহবিলের আওতায় ড্রেনের কাজ উদ্বোধন কালে তিনি এসব কথা বলেন। ফরেন কমনওয়েলথ এন্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও) এবং ইউএনডিপি বাংলাদেশ এর উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল এসময় উপস্থিত ছিলেন। এসময় প্রতিষ্ঠানের ডাইরেক্টর জুডিথ হারবার্টসন মেয়রকে চট্টগ্রামকে নিয়ে মুগ্ধতা প্রকাশ করে বলেন নগরটি পাহাড়, নদী, সাগর বেষ্টিত একটি সুন্দর প্রাকৃতিক নগরী। এই নগরীর প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে আমরা যে প্রকল্প গুলো বাস্তবায়ন করেছি এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে নানা ধরনের সহযোগিতা পেয়েছি। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এবং প্রকল্প বাস্তবায়ন সহায়তাকারীদের অভিনন্দন জানান। এসময় আবাসিক প্রতিনিধি সুদীপ্ত মুখার্জী, প্রকল্প পরিচালক এবং এলআইইউপিসি ও স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব আব্দুল মান্নান, উত্তর পাহাড়তলী ওয়ার্ডের কাউন্সিলর মোঃ জহুরুল আলম জসিম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা মোঃ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম সহ প্রতিনিধি দলের সদস্যরা উপস্থিত ছিলেন।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

ক্রাশ প্রোগ্রাম কার্যক্রম চলমান থাকবে - চসিক মেয়র

চট্টগ্রাম-০১ এপ্রিল'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, বর্ষা মৌসুম শুরুর আগেই যেখানে জলজট হতে পারে সেখানকার পানি চলাচল ও নিষ্কাশনের প্রতিবন্ধকতা অপসারণসহ নালা-নর্দমা-খালে আবর্জনা ও মাটি মুক্তকরণের কাজ ক্রাশ প্রোগ্রামের অধীনে চলমান থাকবে। এছাড়া জলবদ্ধতা নিরসনে সেনাবাহিনীর তত্ত্বাবধানে মেগা প্রকল্প বাস্তবায়নে চাক্কাই খালের যে সকল স্থানে বাঁধ দেয়া হয়েছে সেখান থেকে জমাট পানি সরে যেতে বিকল্পপথ তৈরী করতে প্রকল্প কতৃপক্ষকে পরামর্শ দেয়া হয়েছে। তা হলে এ বছর নগরীর জলবদ্ধতা হলেও জলজট সমস্যা প্রকট হবে না। তিনি আজ ১ এপ্রিল, বৃহস্পতিবার চসিকের ক্রাশ প্রোগ্রামের অংশ হিসেবে নগরীর ৬ নং পূর্ব ষোলশহর বহদ্দার হাট পুকুর পাড় হতে রাহাতার পুল পর্যন্ত ও খাজা রোড থেকে বলির হাট পর্যন্ত বড় নালা থেকে জমাট আবর্জনা ও মাটি মুক্তকরণ এবং পরিচ্ছন্ন কার্যক্রম চলাকালে নগরবাসীর উদ্দেশ্যে একথা বলেন। তিনি আরো বলেন নগরীর যে অংশে বর্ষায় স্থায়ী জলজট হয় সেখানকার বড় নালা-খালের ৫০শতাংশ যদি পানি প্রবাহ পথ বাঁধামুক্ত করা হয় তা হলে বর্ষায় জলাবদ্ধতার সমস্যা সহনীয় মাত্রায় থাকবে।

এসময় উপস্থিত ছিলেন নির্বাহী প্রকৌশলী আবু ছিদ্দিক, অতিরিক্ত পরিচালক কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, পরিচালক কর্মকর্তা প্রণব শর্মা ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী তোহিদুল ইসলামের নেতৃত্বে নগরীর কয়েকটি স্থানে প্যাচ ওয়ার্ক কার্যক্রম চলমান রয়েছে। এতে প্রকৌশল বিভাগের দায়িত্বশীল কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

(প্রেস বিজ্ঞপ্তি - ৩)

অলংকার-আকবর

শাহ'য় অবৈধ স্থাপনা

উচ্ছেদ চসিকের

চট্টগ্রাম-০১ এপ্রিল'২০২১খ্রিঃ

চট্টগ্রাম নগরীর আকবর শাহ থানাস্থ কৈবল্যধাম ও পাহাড়তলী থানা এলাকার অলংকার রোডে আজ বৃহস্পতিবার সকালে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কালে অভিযানে নেতৃত্ব দেন কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী। অভিযানে কৈবল্যধাম রোডের ফুটপাথ ও নালার উপর অবৈধ দোকান এবং দোকানের বর্ধিতাংশ অপসারণ ছাড়াও ট্রেড লাইসেন্স ছাড়া ব্যবসা পরিচালনার অপরাধে আট ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা দায়েরসহ ১২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। সে সময় দীর্ঘদিন যাবত ট্রেড লাইসেন্স নবায়ন না করা ও বকেয়া লাইসেন্স ফি বাবদে ৭০ হাজার টাকা তাৎক্ষণিক আদায় করা হয়। অভিযানে কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা- কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের নির্দেশ এই অভিযান চলমান থাকবে বলে ম্যাজিস্ট্রেট জানান।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩